



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ

www.mymensingheducationboard.gov.bd

নং- মশিবো/বিদ্যা/মন্ত্রণালয়/২০২০/২১৪২

তারিখ : ২০/০১/২০২০ খ্রিঃ

বিষয় : জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলাধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ২০২০ সালের নতুন পাঠ্যপুস্তক বিতরণকালে অর্থ আদায়কারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র : (i) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০০০.৩৯.০০২.১৭.১৪ তারিখঃ ০৯/০১/২০২০ খ্রিঃ পত্র।

(ii) জেলা শিক্ষা অফিসার, জামালপুর-এর স্মারক নং- ৩৭.০২.৩৯০০.০০১.১৮.২০-৯৪৬ ২০ তারিখ : ১৬/০১/২০ তদন্ত প্রতিবেদন

উপর্যুক্ত বিষয় ও সূত্র মূলে জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলাধীন নিম্নলিখিত প্রতিষ্ঠানসমূহে ০১ জানুয়ারী ২০২০ তারিখে 'পাঠ্যপুস্তক উৎসব ২০২০' উদযাপনকালে সরকারি নির্দেশনা অমান্য করে পাঠ্যপুস্তক বিতরণের অজুহাতে প্রতিষ্ঠানসমূহ কর্তৃক শিক্ষার্থীদের নিকট হতে বিভিন্ন ফি আদায় সংক্রান্ত অভিযোগের প্রেক্ষিতে জেলা শিক্ষা অফিসার, জামালপুর কর্তৃক প্রতিষ্ঠানসমূহ তদন্ত করা হয়। অধিকতর তদন্তের স্বার্থে এবং অনিবার্য কারণে বিদ্যালয়ে ম্যানেজিং কমিটির কার্যক্রম এতদ্বারা স্থগিত করা হলো।

উল্লেখ্য যে, কমিটি স্থগিতকালীন অবস্থায় শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতা জেলা শিক্ষা অফিসারের প্রতিস্বাক্ষরে উত্তোলন করার নির্দেশনা প্রদান করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

প্রাপক : প্রধান শিক্ষক

ফুলজোড় রহিম জাফর উচ্চ বিদ্যালয়

উপজেলা : মাদারগঞ্জ, জেলা : জামালপুর।

ড. মোঃ দিদারুল ইসলাম

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড


ময়মনসিংহ।

মেমো নং- ২১৪২(৫)

তারিখ : ২০/০১/২০২০ খ্রিঃ

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
- ২। জেলা শিক্ষা অফিসার, জামালপুর (তাকে বিদ্যালয়ে শিক্ষক/কর্মচারীদের বেতন-ভাতার বিলে স্বাক্ষর করার অনুরোধ করা হলো)
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
- ৪। সভাপতি, ম্যানেজিং কমিটি(স্থগিতকৃত), ফুলজোড় রহিম জাফর উচ্চ বিদ্যালয়, উপজেলা : মাদারগঞ্জ, জেলা : জামালপুর।
- ৫। অফিস কপি।

  
20.1.20

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ।

